



সুলতানা ইয়াসমীন

যুগ্মসচিব

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

সুলতানা ইয়াসমীন ১৯৭৬ সালের ৩১ ডিসেম্বর লালমনিরহাট জেলায় জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মোঃ মোফাজ্জল হক ও মাতা মোসাঃ আয়শা খাতুন। তিনি S.S.C তে ১ম বিভাগ, H.S.C তে ১ম বিভাগ, ইংরেজি সাহিত্য (সম্মান)-এবং মাস্টার্স এ ২য় শ্রেণী অর্জন করেন। পরবর্তীতে সাফল্যের সাথে জনপ্রশাসন মন্ত্রণালয়ের Strengthening Government through Capacity Development of the BCS Cadre Officials শীর্ষক প্রকল্পের আওতায় বৃত্তিপ্রাপ্ত হয়ে যুক্তরাজ্যের University of Bedfordshire হতে MSC in International Human Resource Management ডিগ্রি অর্জন করেন। তিনি অস্ট্রেলিয়া সরকারের ফেলোশীপ প্রোগ্রামের আওতায় Professional Development Training Program for Mid Career Public Servants in Bangladesh অর্জন করেন। Danida Fellowship এর আওতায় ডেনমার্ক ও তানজানিয়ায় Organisational Change Management Training গ্রহন করেন। এছাড়া বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায় ভারতে Leveraging ICT in Project Management বিষয়ে ডিপ্লোমা সার্টিফিকেট অর্জন করেন।

পেশাগত দক্ষতাঃ

জনাব সুলতানা ইয়াসমীন ২০ তম বিসিএস এর মাধ্যমে ২০০১ সালে প্রশাসন ক্যাডারে সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসাবে সরকারি চাকুরীতে যোগদান করেন। তিনি জেলা প্রশাসকের কার্যালয় ,কুমিল্লা এবং জেলা প্রশাসকের কার্যালয় ,ব্রাহ্মনবাড়িয়া তে ৩য় ও ২য় শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন। সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলা এবং উপজেলা নির্বাহী অফিসার হিসেবে হবিগঞ্জ জেলার নবীগঞ্জ এবং সিলেট জেলার দক্ষিন সুরমা উপজেলায় দক্ষতা ও সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন।সিনিয়র সহকারী সচিব হিসেবে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং উপসচিব হিসেবে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন।বর্তমানে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে যুগ্মসচিব হিসেবে কর্মরত আছেন।

প্রশিক্ষণঃ

জনাব ইয়াসমীন বুনীয়াদী প্রশিক্ষণ, আইন ও প্রশাসন কোর্স, সার্ভে এন্ড সেটেলমেন্ট ইত্যাদি আবশ্যিক প্রশিক্ষণসহ এ পর্যন্ত দেশে-বিদেশে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তার মধ্যে দেশের অভ্যন্তরে ফিটলিস্টডুস্ত ইউ এন ও দের জন্য ১০ম ওরিয়েন্টেশন কোর্স, পাবলিক প্রকিওরমেন্ট ম্যানেজমেন্ট কোর্স, ই-ফাইল ব্যবস্থাপনা, ট্রেইনিং ইন বাজেট এন্ড আকাউন্টিং, পিপিপি অথরোটির অধীনে Identification, Development, Procurement Management প্রশিক্ষণ ইত্যাদি উল্লেখযোগ্য

বৈদেশিক প্রশিক্ষণের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, Young Leaders' Training in Japan, The Capacity Building Program for Govt. Officials in South Korea, Capacity Building Program on Good Governance and Effective Public Administration in India ইত্যাদি। এছাড়াও তিনি চীনে National Energy Strategy Seminar এবং নেপালে Fifth South Asian Conference on Sanitation এ অংশগ্রহণ করেন।

সামাজিক কর্মকান্ডঃ

জনাব সুলতানা ইয়াসমীন বিভিন্ন সামাজিক কর্মকান্ডে সম্পৃক্ত রয়েছেন। তিনি বিসিএস উইম্যান নেটওয়ার্ক এর নির্বাহী সদস্য, রংপুর বিভাগ সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক, লালমনিরহাট জেলা সমিতি, ঢাকা র মহিলা বিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি অফিসার্স ক্লাব, ঢাকার একজন সদস্য। এছাড়াও তিনি স্কাউটিং এর সাথে সম্পৃক্ত ছিলেন।

প্রকাশনাঃ

জনাব সুলতানা ইয়াসমীন নিয়মিত কবিতা লেখেন। অমর একুশে বইমেলা ২০২১ এ তাঁর প্রথম কাব্যগ্রন্থ “জীবাশ্ম ভালোবাসা” প্রকাশিত হয়েছে। এছাড়াও বিভিন্ন সরকারি দপ্তর, সংস্থা, জেলা প্রশাসন, বিসিএস প্রশাসন এসোসিয়েশন, অফিসার্স ক্লাব ঢাকা ইত্যাদি সাহিত্য প্রকাশনা তে তাঁর লেখা কবিতা ও নিবন্ধ প্রকাশিত হয়েছে।

ভ্রমণঃ

জনাব সুলতানা ইয়াসমীন পৃথিবীর বহু দেশ ভ্রমণ করেছেন। সরকারি ব্যবস্থাপনায় তিনি যুক্তরাজ্য, ডেনমার্ক, তানজানিয়া, জাপান, অস্ট্রেলিয়া, দক্ষিণ কোরিয়া, ভিয়েতনাম, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, চীন, ভারত, নেপালসহ বিভিন্ন দেশে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ গ্রহণ, সভা/সেমিনারে যোগদান এবং ফেলোশীপ প্রোগ্রামে অংশগ্রহণ করেন। সরকারি দায়িত্ব পালনে সৌদি আরবের রিয়াদে বাংলাদেশ দূতাবাসে স্বল্পকালীন সংযুক্তিতে কাজ করেছেন। ব্যক্তিগত ব্যবস্থাপনায় সিঙ্গাপুর, থাইল্যান্ড ভ্রমণ করেছেন।

ব্যক্তি জীবনঃ

জনাব সুলতানা চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলার মো: মোস্তফা কামাল সরদার এর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তাঁর স্বামী বেসরকারী কর্মকর্তা। তিনি পাঁচ বোনের মধ্যে তৃতীয়।